# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 MARCH 2025** **7:45—7:55 PM IST**

===========================================================

১) প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনের অধীনে সমগ্র রাজ্যে ৩ লক্ষ ৮৮ হাজার ৩শো ৫৮ জন হিতাধিকারীকে আনুষ্ঠানিকভাবে গৃহ অনুমোদন পত্র বিতরণ । এর মধ্যে বরাক উপত্যকার তিন জেলার ৫৮ হাজার ২শো ৬ জনকে এই অনুমোদন পত্র বিতরণ ।

২) নামরূপ সার কারখানায় বছরে ১২ লক্ষ ৭০ হাজার মেট্রিক টন উৎপাদনক্ষম এমোনিয়া ইউরিয়া প্রকল্প স্থাপনের প্রস্তাবে কেন্দ্রীয় মন্ত্রীসভার অনুমোদন ।

৩) নাসার মহাকাশচারী সুনীতা উইলিয়ামস এবং বুস উইলম যাতে পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির মধ্যে সহজে জীবন ধারণ করতে পারেন সেই উদ্দেশ্যে উভয় মহাকাশচারীর ৪৫ দিনের পুনরবাসন কার্যসূচিতে অংশ গ্রহণ ।

এবং

৪) বি-এস-এফ এর মহাপরিচালক দলজিত সিং চৌধুরীর তিন দিনের মিজোরাম ও বরাক উপত্যকা সফরে এসে সীমান্ত অঞ্চল পরিদর্শন সহ বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত পর্যলোচনা ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী আবাস যোজনা ( গ্রামীণ) এর অধীনে আজ রাজ্যের ৩ লক্ষ ৮৮ হাজার ৩৫৮ জন হিতাধিকারীকে গৃহ নির্মাণের জন্য সহায়তা রাশির প্রথম কিস্তির অনুমোদনপত্র বিতরণ করা হয়েছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ কামরূপ জেলার পলাশবারী রামপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে কেন্দ্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানে

অনুমোদনপত্র বিতরণ করে বলেন যে রাজ্য সরকার জনসাধারণের বাসগৃহের আবশ্যকতা পূরণ করার ক্ষেত্রে প্রধানমন্ত্রী আবাস যোজনার মাধ্যমে সঠিক গৃহ নির্মাণের সুবিধা সুনিশ্চিত করার ওপর গুরুত্ব আরোপ করছে ।এই যোজনার অধীনে গৃহ বিতরণের ক্ষেত্রে পূর্বের উত্থাপিত দূর্নীতির অভিযোগ দূর করে বর্তমান সরকার প্রকৃত হিতাধিকারীদের তালিকা প্রস্তুত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী জানান ।তিনি বলেন যে এই ব্যবস্থার অংশ হিসেবে ঘর না পাওয়া লোকেদের জরীপ করার জন্য জীবিকা সখী যদি সংশ্লিষ্ট স্থানে না যায় বা প্রপত্র পূরণ না করা হয় তাহলে যে কোন লোক ফটো তুলে তা আপলোড করতে পারবে ।

বাইট-----

তিনি বলেন, যাদের ঘরের প্রয়োজন তারা নিজেরাই জিও-ট্যাগিং করতে পারবেন বলেও জানান ।অনুষ্ঠানে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের মন্ত্রী রঞ্জিত দাসও উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে মোট ৫৮ হাজার ২০৬ জন হিতাধিকারীকে প্রথম কিস্তির অর্থের অনুমোদনপত্র বিতরণ করা হয়েছে ।কাছাড় জেলার সাতটি বিধানসভা এলাকার মোট ২৭ হাজার ২৪৫ জন হিতাধিকারীকে আজ এই যোজনার অধীনে অনুমোদন পত্র বিতরণ করা হয়েছে ।এরমধ্যে সোনাই বিধানসভা এলাকায় ৫ হাজার ৫১৯ জন , কাটিগড়া এলাকায় ৪ হাজার ৯৫৪ , ধলাইয়ে ৪ হাজার ৩১৩ , লক্ষীপুরে ৪ হাজার ৭৮ , উধারবন্দে ৩ হাজার ৬৫৫, বরখলায় ২ হাজার ৪০৩ জন হিতাধিকারীর মধ্যে অনুমোদনপত্র বিতরণ করা হয় । বিধায়ক দীপায়ন চক্রবর্তী আজ শিলচর উন্নয়নখন্ডে ২ হাজার ৩২৩ জন হিতাধীকারীর হাতে এই অনুমোদন পত্র তুলে দেন । মেহেরপুর সিডি হোমে আয়োজিত অনুমোদন পত্র বিতরণ কার্যসূচীতে অংশগ্রহণ করে বিধায়ক শ্রী চক্রবর্তী বলেন যে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর এই যোজনার অধীনে গৃহ নির্মাণের জন্য ১ লক্ষ ৩০ হাজার টাকা করে প্রদান করা হয় । অনুষ্ঠানে জেলা প্রশাসনের আধিকারীক সহ বিজেপির জেলা ও মন্ডলের কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রধানমন্ত্রী আবাস যোজনার গ্রামীণ এর অধীনে চারটি বিধানসভা এলাকার মোট ১৬ হাজার ৯০৯ জন হিতাধিকারীকে গৃহ নির্মাণের জন্য প্রথম কিস্তির অর্থের

অনুমোদন পত্র বিতরণ করা হয়েছে ।শ্রীভূমির নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে  জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে হিতাধিকারীদের অনুমোদনপত্র বিতরণ করা হয় । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর ভাষন ও অনুমোদন পত্র বিতরণ কার্যসূচী সরাসরি সম্প্রচার করা হয় ।উল্লেখ্য গ্রামাঞ্চলের পরিবারগুলোকে বাসগৃহের সুবিধা প্রদান করতে এই যোজনার অধীনে প্রথম কিস্তির অর্থ সহ এম জি এন রেগার অধীনে ৯৫ দিনের মজুরি হিসেবে ২৩ হাজার ৬৫৫ টাকা করে বেংক একাউন্টে প্রদান করা হচ্ছে ।অনুষ্ঠানে শ্রীভূমি পৌরসভার চেয়ারম্যান রবীন্দ্র চন্দ্র দেব , জেলা উন্নয়ন আয়ুক্ত দীপক জিডুং প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা কেন্দ্রে আজ ১৪ হাজার ৫২ জন হিতাধিকারীর মধ্যে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনের অনুমোদন পত্র বিতরন করা হয়েছে । হাইলাকান্দি শহরের এস এস কলেজের খেলার মাঠে আয়োজিত সভায় হাইলাকান্দি বিধানসভা কেন্দ্রের ৫ হাজার ৯শ ৭৫ জনকে এবং বোয়ালিপারের ডক্টর শশীভূষন ইনস্টিটিউট অফ এডুকেশন প্রাঙ্গনে আলগাপুর-কাটলিছড়া বিধানসভা কেন্দ্রের ৮ হাজার ৭৭ জন হিতাধিকারীর মধ্যে আবাস গৃহের অনুমোদন পত্র তুলে দেওয়া হয়েছে । এছাড়া উভয় অনুষ্ঠানে কামরূপ জেলার পলাশবাড়ীর রামপুর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজিত কেন্দ্রীয় অনুষ্ঠানে মূখ্যমন্ত্রীর ভাষন সরাসরি বড় পর্দায় দেখানো হয় । এস এস কলেজের খেলার মাঠে আয়োজিত অনুষ্ঠানে জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম বলেন যে আগামী দু-তিন দিনের মধ্যে হিতাধিকারীদের ব্যাঙ্ক একাউন্টে প্রথম কিস্তির ৩২ হাজার ৫শ টাকা এবং এম জি এন রেগার ৯৫ দিনের মজুরী বাবদ ২৩ হাজার ৫শ টাকা ব্যাঙ্ক একাউন্টে প্রদান করা হবে ।

এস এস কলেজের অনুষ্ঠানে হাইলাকান্দি পৌরসভার সভাপতি মানব চক্রবর্তী , বিজেপির জেলা সভাপতি কল্যান গোস্বামী এবং বোয়ালিপারের অনুষ্ঠানে জেলা পরিষদের ভারপ্রাপ্ত মূখ্য কার্য্যবাহী আধিকারীক রক্তিম বড়ুয়া , বিজেপি কর্মকর্তা মিলন দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে  ডিমা হাসাও জেলায়ও আজ প্রধানমন্ত্রী আবাস যোজনার গ্রামীনের মঞ্জুরী পত্র হিতাধিকারীদের মধ্যে বিতরন করা হয়েছে । আজকের অনুষ্টানে রাজ্যের মন্ত্রী নন্দিতা গারলোসা , জেলা আয়ুক্ত সীমান্ত কুমার দাস , উত্তর-কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের কার্য্যবাহী সদস্য নিরঞ্জন হোজাই প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় মন্ত্রীসভা নামরূপে ব্রহ্মপুত্র উপত্যকা সার নিগম লিমিটেডে বছরে ১২ লক্ষ ৭০ হাজার মেট্রিকটন উৎপাদনক্ষম এমনিয়া ইউরিয়া প্রকল্প স্থাপনের প্রস্তাবে অনুমোদন জানিয়েছে ।

---------------------------------------------------------------------------------------

মহাকাশে ৯ মাস অতিবাহিত করার পর নাসার মহাকাশচারী সুনীতা উইলিয়ামস এবং বুস উইলম যাতে পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির মধ্যে সহজে জীবন ধারণ করতে পারেন সেই উদ্দেশ্যে উভয় মহাকাশচারী ৪৫ দিনের পুনরবাসন কার্যসূচিতে অংশ গ্রহণ করেছেন ।

উল্লেখ্য, ভারতীয় বংশদ্ভুত মহাকাশচারী সুনীতা উইলিয়ামস এবং বুস উইলম আজ ভোর রাতে পৃথিবীতে প্রত্যাবর্তন করেছেন । স্পেস এক্সের ড্রেগন মহাকাশযানের সহায়তায় এই দুই মহাকাশচারী ভারতীয় সময় অনুসারে আজ ভোর রাত ৩টা ২৭ মিনিটে গালফ-অব-মেক্সিকোতে অবতরণ করেছেন । এর সঙ্গে সঙ্গে দুই মহাকাশচারী স্পেস-এক্সের ক্রু-নাইনের সঙ্গে আরো দুজন মহাকাশচারী নাসার নিক-হেক এবং রাশিয়ার মহাকাশচারী আলেকজেন্ডার গর্বুনাভের সঙ্গে নিজেদের যাত্রা সমাপ্ত করেছেন । এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পৃথিবীতে ক্রু-নাইন মিশনের সফল অবতরণের জন্য অক্লান্তভাবে কাজ করা সবাইকে অভিনন্দন জানিয়েছেন । তিনি সামাজিক মাধ্যমযোগে বলেছেন যে ভারতীয় বংশদ্ভুত সূনীতা উইলিয়ামস এবং ক্রু-নাইনের মহাকাচারীরা বিশ্ববাসীকে প্রকৃত দৃঢ়তার পরিচয় দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

সীমান্ত সুরক্ষা বাহিনী ( বি-এস-এফ ) এর মহাপরিচালক দলজিত সিং চৌধুরী মিজোরাম এবং বরাক উপত্যকায় তিন দিনের সফরসূচিতে এসে অপারেশনাল পরিস্থিতির পর্যালোচনা , বাহিনীর প্রস্তুতির মূল্যায়ন এবং সীমান্ত প্রহরা ব্যবস্থাকে আরো শক্তিশালী করার বিষয়গুলি নিয়ে বাহিনীর আধিকারিকদের সঙ্গে বিস্তারিত আলোচনা করেছেন । গত ১৭ মার্চ শ্রী চৌধুরী মিজোরামে পৌছে আইজলে ওই রাজ্যের রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করেন । ১৮ মার্চ তিনি মিজোরামের ভারত-বাংলাদেশ সীমান্তে অবস্থিত বিভিন্ন সেনা শিবির পরিদর্শন করে সেনা আধিকারিক এবং বাহিনীর অন্যান্য দের সঙ্গে মত বিনিময় করে তাদের নিষ্ঠা এবং কর্ম পদ্ধতির প্রশংসা করেন । পরে তিনি শিলচরে বি এস এফ-এর মিজোরাম ও কাছাড় ফ্রন্টিয়ারের সদর দপ্তর মাছিমপুর এসে বিভিন্ন বিষয়ের বিস্তারিত পর্যালোচনা করেন । শ্রী দলজিত সিং চৌধুরী

আজ শ্রীভূমি জেলার  ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী ষ্টিমারঘাট এলাকা পরিদর্শন করে বি এস এফ সৈনিকদের সঙ্গে মত বিনিময় করেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা বিশ্ব টয়লেট দিবস পুরষ্কার-২০২৫ এ সমগ্র রাজ্যের মধ্যে শ্রেষ্ঠ স্থান দখল করেছে । রাজ্য সরকারের উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগীতায় কাছাড় জেলা সর্বোত্তম ব্যাক্তিগত শৌচাগার চিত্রাঙ্কন বিভাগে প্রথম স্থান অর্জন করেছে । এছাড়াও কাছাড় জেলা আরো তিনটি বিভাগে দ্বিতীয় স্থান দখল করেছে । উল্লেখ্য বিশ্ব টয়লেট দিবস পুরষ্কার-২০২৫ এ কাছাড়ের সাফল্য শুধুমাত্র পুরষ্কার জয়ের মধ্যে সীমাবদ্ধ নয় । বরং এটি গোটা রাজ্যের জন্য অনুপ্রেরণা হয়ে উঠেছে ।

---------------------------------------------------------------------------------------

শিলচর প্রেমতলা পয়েন্টে আজ  অগ্নিকান্ডে  কয়েক লক্ষ টাকার সামগ্রী পুরে ছাই হয়ে যায় । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে শিলচর প্রেমতলার একটি ইলেকট্রিক সামগ্রীর দোকান থেকে অগ্নিকান্ডের সূত্রপাত ঘটে । দমকল ও স্থানীয় জনগনের চেষ্টায় আগুন নিয়ন্ত্রনে আনা সম্ভব হয়েছে । বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত বলে অনুমান করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------